Ref: Date ..............................

## ৭ আগষ্ট-২০২৫ তারিখে কার্যনির্বাহী পর্ষদের-সভার কার্যবিবরণীসহ সিদ্ধান্তসমূহ ঃ

### সভার আলোচ্য বিষয়সমূহ ঃ

১। ২০২৫ শিক্ষাবর্ষের মেধাবৃত্তি অনুষ্ঠান প্রসঙ্গে।

২। কেন্দ্রীয় কার্যনির্বাহী পর্ষদের মেয়াদ শেষান্তে নতুন কমিটি গঠন পরবর্তী ঘোষণা, শপথ ও অভিষেক অনুষ্ঠান প্রসঙ্গে।

৩। বিভিন্ন আঞ্চলিক কমিটির কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিনিধি সম্মেলন প্রসঙ্গে।

৪। সমগ্র বাংলাদেশের অঞ্চলগুলোর ট্যালেন্টপুল বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সংবর্ধনাসহ সম্মাননা প্রদান প্রসঙ্গে।

৫। এসোসিয়েশনের কর্মকান্ড সংশ্লিষ্ট বিবিধ আলোচনা প্রসঙ্গে।

### অনুষ্ঠান বাস্তবায়ন প্রসঙ্গে

পূর্ব ঘোষিত যথাযথ সময়ের মধ্যেই এসোসিয়েশনের মাননীয় চেয়ারম্যান ডা. মোঃ আলহাজ্ব হাসান আলী সাহেবের সভাপতিত্বে এবং কার্যনিবাহী পর্ষদের সদস্যদের সন্তোষজনক উপস্থিতির মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু হয়। উক্ত সভায় সঞ্চালনার দায়িত্ব পালন করেন জনাব প্রফেসর এইচ এম নজরুল ইসলাম, সাংগঠনিক সচিব। সভার কার্যক্রম শুরুর প্রারম্ভেই পবিত্র কুরআন তেলোয়াতের মাধ্যমে সভার উপর্যুক্ত আলোচ্য বিষয় সম্পর্কে আলোচনার সুবিধার্থে সকল আলোচ্য বিষয়ের উপর পর্যালোচনামূলক বক্তব্য রাখেন এসোসিয়েশনের মহাসচিব জনাব মোঃ ইস্কান্দর আলী হাওলাদার। সভায় উপস্থিত প্রায় সকল সম্মানিত সদস্যগণ বিষয়ভিত্তিক গঠনমূলক প্রাণোবন্ত আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিম্নবর্নিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করেন।

### গঠনমূলক আলোচনা শেষে সভার সিদ্ধান্তসমূহ নিম্নেবর্ণিত হলো।

১। মেধাবৃত্তি পরীক্ষার সম্ভাব্য তারিখঃ ২২ নভেম্বর-২০২৫ রোজ শনিবার পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যেকোনো কারণ বশতঃ তারিখ পরিবর্তনশীল)

২। www.bkaedu.org লিংকটিতে নোটিশে দেওয়া নিদের্শনা মতাবেক ২০২৫সালের বৃত্তি পরীক্ষায় ইচ্ছুক শিক্ষার্থীদের রেজিস্টেশন নিশ্চিত করবেন। এবছরে Excel/ Word এ কোন ফাইল জমা নেওয়া হবে না। তাই নির্দিষ্ট সময়ের মধে রেজিস্টেশন সম্পন্ন করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। রেজিস্টেশন সম্পর্কে যে কোন তথ্যের জন্য কেন্দ্রীয় শিক্ষা সচিবের সাথে যোগাযোগ করতে পারবেন।

৩। বৃত্তিপ্রাপ্তদের গ্রেড বিভাজন: ক) ট্যালেন্টপুল, সমগ্র বাংলাদেশের অঞ্চলের শ্রেণি ভিত্তিক অংশগ্রহণকৃত ছাত্র-ছাত্রীদেরকে সর্বোচ্চ নম্বর অনুপাতে ট্যালেন্টপুল ১ম, ২য়, ৩য় গ্রেডে মোট তিনজনকে শ্রেণি অনুযায়ী বৃত্তি প্রদান করা হবে।
খ) 'এ গ্রেড' শতকরা ৩জন, গ) 'বি গ্রেড' শতকরা ৫ জন এবং 'সি গ্রেড শতকরা ৭জন এবং 'ডি গ্রেড' শতকরা ১৫ জনকে বৃত্তি প্রদান করা হবে। উল্লেখ থাকে যে, যদি এমন হয় যে, কোনো স্কুল কোন গ্রেডে বৃত্তিপ্রাপ্ত হয় নাই সেক্ষেত্রে শ্রেণি অনুযায়ী প্রতি পাঁচজন ডি গ্রেডে, বৃত্তিপ্রাপ্ত হবে। তবে অবশ্যই তাকে পাশ নম্বর অর্থাৎ প্রত্যেক বিষয়ে ৩৩% নম্বর পেতে হবে।

**৪) কেন্দ্রীয় কমিটির তহবিলে টাকা প্রদানঃ** অঞ্চল/কেন্দ্র ভিত্তিক আদায়কৃত মোট টাকার ৩০% টাকা কেন্দ্রীয় তহবিলে পাঠাতে হবে এবং সেই সাথে অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানকে বাৎসরিক ১০০০/-টাকা পরিশোধ করে সদস্য সনদপত্র নবায়ন করতে হবে। যদি এর ব্যতিক্রম হয় তাহলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানটি তার পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা হারাবেন।

**৫) কেন্দ্রীয় তহবিলে অর্থ প্রেরণ পদ্ধতিঃ** অগ্রণী ব্যাংক লিমিটেড, নওয়াবগঞ্জ শাখা, লালবাগ, বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন হিসাব নম্বর-০২০০০১২০৬৭৬৭৯ নম্বরে প্রেরণ করতে হবে।

**৬) পরীক্ষার খাতা মূল্যায়ন পদ্ধতিঃ-** বিষয় ভিত্তিক যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ দিয়ে-বৃত্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে খাতা মূল্যায়ন করা হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়।

৭) বৃত্তিপরীক্ষা সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী সিলেবাসে উল্লেখিত অনুসারে পরিচালিত হবে

**২। ক) কেন্দ্রীয় কার্যনির্বাহী পর্ষদ নির্বাচন পদ্ধতিঃ-** সভায় উপস্থিত সকল আলোচকদের মতামতের ভিত্তিতে সিলেকশন কমিটি কর্তৃক নির্বাচিত সদস্যদেরকে নিয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, সিলেকশন কমিটিকে যোগ্য এবং নিয়মিত দেয় দায়িত্ব পালনে সচেষ্ট হয় এমন ব্যাক্তিতে কমিটির তালিকাভূক্ত করতে অনুরোধ করা হয়।

**খ) কেন্দ্রীয় কমিটি নির্বাচনে পদ অনুযায়ী নমিনেশন ফি- যথাঃ-১**। চেয়ারম্যান ৫০০০/- টাকা, ২। ভাইস চেয়ারম্যান ৩০০০/- টাকা ৩। মহাসচিব ৩০০০/- টাকা, পূর্ণসচির ২০০০/- টাকা ৬। সহকারী সচিব-১৫০০/- টাকা ৭। নির্বাহী সদস্যঃ-১০০০/ টাকা নমিনেশন ফি প্রদান করতে হবে।

**গ) নির্বাচনের ফলাফল ঘোষণা**, শপথ গ্রহণ, অভিষেক অনুষ্ঠান ইত্যাদি আঞ্চলিক প্রতিনিধি-আগামী ২৯ আগস্ট শুক্রবার বিকাল ৩:০০ ঘটিকায় শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত হবে।

**ঘ) নির্বাচন উপকমিটির কার্যক্রম সমাপ্তকরণের শেষ তারিখঃ** ৩০ জুলাই, ২০২৫।

**৬) নির্বাচন উপ-কমিটির সদস্য সংখ্যা** মোট-৫জন। যথাক্রমে ১। প্রফেসর এইচ এম নজরুল ইসলাম (আহবায়ক), ২। শ্রী দীপক কুমার মিত্র (সদস্য), ৩। মোহাম্মদ খন্দকার রেহান উদ্দিন (সদস্য),

৪। লুৎফর রহমান খান (সদস্য), ৫। মোঃ সাইদুজ্জামান (সদস্য)।

৩. গঠণতন্ত্র সংশোধন: উপস্থিত সকলের আলোচনার মাধ্যমে গঠণতন্ত্রে আংশিক সংশোধনের প্রস্তাব করা হয়। সে ক্ষেত্রে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক) নির্বাচিত কেন্দ্রীয় কমিটিতে ৫জন সদস্য বিশিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে উপদেষ্টা পরিষদ রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং কো-চেয়ারম্যান পদ রাখার সিদ্ধান্ত হয়।

খ) কেন্দ্রীয় কমিটির সদস্য সংখ্যা পূর্বের ন্যায় ৫১ জন সদস্য রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং সেই সাথে নির্বাচিত ব্যক্তিদের সদস্য পদের কার্যক্রমের ও গুরুত্বের সাথে তালিকা তৈরির সিদ্ধান্তে গৃহিত হয়।

মোঃ ইস্কান্দার আলী হাওলাদার
মহাসচিব, বিকেএ।

"পড় তোমার প্রভুর নামে, যিনি সৃষ্টি করেছেন" -আল কোরআন

# BANGLADESH KINDERGERTEN ASSOCIATION

Gov.Reg. No.-S 1028/98

Central Office : 420/B, Malibagh Gulbagh Road, Dhaka-1217, Mobile : 01711134606, 01716835791

Ref:                                                                 Date............................

**বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কর্তৃক আয়োজিত কেন্দ্রীয় কমিটির নব-নির্বাচিতদের নাম ঘোষণা, অভিষেক, শপথ, ট্যালেন্টপুল বৃত্তিপ্রাপ্তদের সংবর্ধনা, সম্মাননা পুরস্কার, সনদ প্রদান ও আঞ্চলিক প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠানের বিস্তারিত বিবরণ নিম্নেবর্ণিত হলো।**

## বিস্তারিত বিবরণ

**অনুষ্ঠান স্থানঃ**-ঢাকাস্থ জাতীয় শিল্পকলা একাডেমির চিত্রশালা মিলনায়তন লিফটের-২।

২। **তারিখঃ**-২৯ আগস্ট ২০২৫, রোজ শুক্রবার

৩। **সময়ঃ**-দুপুর ২-৩০ মিনিট থেকে শুরু

## অনুষ্ঠান সূচী

**১ম পর্ব:-** প্রাক্তন কমিটি বিলুপ্ত ঘোষণা, নবনির্বাচিত কমিটির নাম ঘোষণা, শপথ পাঠ, অভিষেক ও সম্মাননা প্রদান।

**দ্বিতীয় পর্বঃ-** সম্মানিত অঞ্চল প্রধান ও প্রতিনিধিদের সংবর্ধনা ও আলোচনা।

**তৃতীয় পর্বঃ-** ট্রালেন্টপুল প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা, সনদ এবং সম্মাননা প্রদান। সেই সাথে শিক্ষার্থী ও আগত অভিভাবকদেরকে রাতের খাবার প্রদান।

**চর্তুথ পর্বঃ-** নবনির্বাচিত সদসদের সমন্বয়ে সাংগঠনিক আলোচনা।

**পঞ্চম পর্বঃ-** নবনির্বাচিত কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন অঞ্চল থেকে আগত প্রতিনিধিদের নিয়ে নৈশভোজ।

মোঃ ইস্কান্দার আলী হাওলাদার
মহাসচিব, বিকেএ।

“পড় তোমার প্রভুর নামে, যিনি সৃষ্টি করেছেন” -আল কোরআন

BANGLADESH KINDERGERTEN ASSOCIATION

Gov.Reg. No.-S 1028/98

Central Office : 420/B, Malibagh Gulbagh Road, Dhaka-1217, Mobile : 01711134606, 01716835791

Ref: Date

বরাবর
সম্মানিত ট্যালেন্টপুল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবক, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী।

সুধী,
‘আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ’
এই মর্মে আপনাদেরকে অবগত করা যাচ্ছে যে, ইতোমধ্যে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তে ২০২৪ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী (সকল শ্রেণির) ট্যালেন্টপুল গ্রেডে বৃত্তিপ্রাপ্ত হয়েছে তাদেরকে কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে সংবর্ধনা, সম্মাননা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এমতাবস্থায় আপনাদেরকে সম্মানের সাথে অনুরোধ করা যাচ্ছে যে, ২৯ আগষ্ট, ২০২৫, রোজ-শুক্রবার, জাতীয় শিল্পকলা একাডেমির মিলনায়তন থেকে সনদ ও সম্মাননা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

মোঃ ইস্কান্দার আলী হাওলাদার
মহাসচিব, বিকেএ।